

2019

BENGALI

(Major)

Paper : 5.3

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলোর সঠিক উত্তর নির্দেশ করো : ১×৭=৭

(ক) 'সাজাহান' নাটকের পঞ্চম অঙ্কের দৃশ্য সংখ্যা হল .

(১) তিন

(২) চার

(৩) পাঁচ

(৪) ছয়

(শুদ্ধ উত্তরটি বেছে লেখো)

(খ) দারার হত্যাদৃশ্য 'সাজাহান' নাটকের যে অংশে রয়েছে সেটি হল

(১) চতুর্থ অঙ্কের চতুর্থ দৃশ্যে

(২) চতুর্থ অঙ্কের পঞ্চম দৃশ্যে

(৩) চতুর্থ অঙ্কের ষষ্ঠ দৃশ্যে

(৪) চতুর্থ অঙ্কের সপ্তম দৃশ্যে

(শুদ্ধ উত্তরটি বেছে লেখো)

- (গ) 'সাজাহান' নাটকের প্রথম অঙ্কের প্রথম দৃশ্যের স্থান হচ্ছে
 (১) আগ্রার দুর্গপ্রাসাদ
 (২) নর্মদা তীরে মোরাদের শিবির
 (৩) কাশীতে সুজার সৈন্যশিবির
 (৪) ষোধপুরের দুর্গ (শুদ্ধ উত্তরটি বেছে লেখো)

- (ঘ) "আমি দর্শনে উপনিষদ-এর চেয়ে বড় সাম্রাজ্য পেয়েছি।" এই উক্তিটির বক্তা হচ্ছেন

- (১) সাজাহান
 (২) দারা
 (৩) জাহানারা
 (৪) মহম্মদ (শুদ্ধ উত্তরটি বেছে লেখো)

- (ঙ) "আমি চাষার ছেলে চাষা। তোমার মত মেকী মডার্ন লেডী নই।" বক্তা কে?

- (চ) "ফালি চান্দের নাও ভাসি যায় আকাশ দরিয়ায়।"
 'ছেঁড়া তার' নাটকের এই গানটি কে গেয়েছে?

- (ছ) রহিম শহর থেকে কোন্ বাজনাটি এনেছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) "একটা নদী পার হয়েছি, এ আর এক নদী—ভীষণ কল্লোলিত তরঙ্গসঙ্কুল।" উক্তিটির বক্তা কে? এটি 'সাজাহান' নাটকের প্রথম অঙ্কের কোন্ দৃশ্যে রয়েছে?

- (খ) "যেখানে মাথার উপর প্রভুর আরক্ত চক্ষু চেয়ে আছে, সেখানে আবার বিচার।" কে, কাকে একথা বলেছেন?

- (গ) "শয়তানী করি মানুষ ফাঁকী দ্যাওয়া যায়—খোদাকে ফাঁকী দ্যাওয়া যায় না।"

বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন?

- (ঘ) "হামারা এই চষীগুলো ধান, চাউল, আনাজপাতি সব পয়দা করি, ফির হামরায় না খায়া মরি।" উক্তিটির বক্তা কে? কাকে উদ্দেশ্য করে তিনি কথাটি বলেছেন?

৩। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৫×৩=১৫

- (ক) টীকা লেখো :

মহম্মদ অথবা দিলদার

- (খ) "যুদ্ধে পরাজিত হয়ে ফিরে এসে, বিশ্বাসঘাতক হয়ে ফিরে এসে, কৃতঘ্ন হয়ে ফিরে এসে—ভূমি চাও, আমার ভক্তি!"

কে, কাকে একথা বলেছেন? প্রসঙ্গটি অতি সংক্ষেপে বর্ণনা করো।

১+১+৩=৫

- (গ) "সে আমার পুত্র, আমার উদ্ধত পুত্র; আমার লজ্জা—আমার গৌরব!"

উক্তিটির বক্তা কে? কাকে উদ্দেশ্য করে তিনি উক্তিটি করেছেন? প্রসঙ্গটির বিবরণ দাও।

১+১+৩=৫

- (ঘ) টীকা লেখো :

মহিমবাবু অথবা দারোগা

- (ঙ) "কতগুলো মানুষ যে মানুষই নয়, হাত পা-ওয়াল জানোয়ার।"

—উক্তিটি বিশদ করো।

- ৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) ‘সাজাহান’ নাটককে ঐতিহাসিক নাটক বলা যায় কি না সে সম্পর্কে মতামত দাও।
- (খ) ‘সাজাহান’ নাটকের নায়ক চরিত্র সম্পর্কে যুক্তিসহ আলোচনা করো।
- (গ) ‘সাজাহান’ নাটকে জাহানারা চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

খ—গুচ্ছ

- (ঘ) ‘ছেঁড়া তার’ নাটকের নামকরণ কতটা সার্থক হয়েছে, পর্যালোচনা করো।
- (ঙ) বিষয়বস্তু ও আঙ্গিক বিচারে ‘ছেঁড়া তার’ ‘উচ্চাঙ্গের ট্র্যাজেডি’। এরূপ অভিমতের সপক্ষে বা বিপক্ষে যুক্তিসহ আলোচনা করো।
- (চ) ‘ছেঁড়া তার’ নাটকের ফুলজান চরিত্রটি বিশ্লেষণ করো।
